

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি এর সভাপতির দায়িত্ব পালন।


সূত্র: অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.১৬.১২০.১৮-৪৮৪, তারিখ: ২৫ নভেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ৩১ অক্টোবর ২০১৮ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা এর ১৪ (২) এবং ১৪ (৪) ধারা অনুযায়ী:

ধারা ১৪ (২): “সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি তাহার নিজের বা অন্যের পক্ষে নির্বাচনী প্রচারণায় সরকারি যানবাহন, সরকারি প্রচারযন্ত্রের ব্যবহার বা অন্যবিধ সরকারি সুবিধাভোগ করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা-কর্মচারী বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বা কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহার করিতে পারিবেন না।”

ধারা ১৪ (৪): “কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে বা তদকর্তৃক কোন মনোনয়ন প্রদত্ত হইয়া থাকিলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি বা তদকর্তৃক মনোনীত ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না।”

০২। এমতাবস্থায়, জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা অনুযায়ী একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে বিবেচনায় রেখে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের ধারাবাহিকতায় নির্বাচন পর্যন্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তার মনোনীত প্রতিনিধিগণ যে সকল প্রতিষ্ঠানে গভর্ণিং বডি/ ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্বরত আছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার দায়িত্ব পালন করবেন।



১১-১২-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd


মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮/১(৬)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) বিভাগীয় কমিশনার,(সকল)।
- ২) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/রাজশাহী/দিনাজপুর/ময়মনসিংহ/কুমিল্লা/যশোর/বরিশাল/সিলেট/চট্টগ্রাম।
- ৫) জেলা প্রশাসক, (সকল)।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার,(সকল)।



১১-১২-২০ ১৮

আনোয়ারুল হক

উপসচিব